

০৩



কেন্দ্রমজুর সামগ্রীর ৩টি

শিক্ষাবৃত্তি ঘোষণা

বাংলাদেশ কেন্দ্রমজুর সমিতির কেন্দ্রীয় কমিটি কেন্দ্রমজুর পরিবারের সম্মানের জন্য এ বছর তিনটি এস, এস, সি-উত্তর উচ্চ শিক্ষাবৃত্তি প্রদানের কথা ঘোষণা করেছে। এই বৃত্তি পাওয়ার জন্য ইতিমধ্যে কেন্দ্রীয় কমিটির নিকট যে আবেদনপত্র জমা পড়েছিল, তা বাছাইয়ের জন্য মওলানা হোসেন আলীকে আহ্বায়ক এবং অধ্যাপক সরদার ফজলুল করিম, এডভোকেট গাজীউল হক, প্রকৌশলী শেখ মোহাম্মদ শহীদুল্লাহ, নাট্যকার আলী জাকের, সাংবাদিক গিয়াস কামাল চৌধুরী, বিশিষ্ট সমাজ সেবী মিসেস লায়লা কবির, নুরুল রহমান ও খন্দকার মোঃ ফারুক সমন্বয়ে কমিটি গঠিত হয়েছিল। সেই কমিটির এক বৈঠক গত ৩১শে অক্টোবর অনুষ্ঠিত হয়।

কমিটি কিশোরগঞ্জ জেলার মিটামইন উপজেলার কাজল গিয়া দিনাজপুর জেলার বীরগঞ্জ উপজেলার বাসন্তী রায় এবং চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলার মোঃ করিম উদ্দিনকে বৃত্তি প্রদানের সিদ্ধান্ত নিয়েছে। প্রত্যেক বৃত্তি প্রাপ্তকে প্রতিনিবে দু'শ টাকা করে দেয়া হবে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।